দৈনিক
জনকণ্ঠ

তারিখ 04 AUG 2016
পৃষ্ঠা ৬ কলাম ১

# পিস স্কুল পরিচালনায় স্বাধীনতাবিরোধী শক্তি জড়িত ॥ নাহিদ

স্টাফ রিপোর্টার ॥ পিস স্কুল পরিচালনার সঙ্গে বাংলাদেশের স্বাধীনতার চেতনাবিরোধী শক্তি জড়িত মন্তব্য করে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলছেন, এসব বিদ্যালয়ের শিক্ষা জঙ্গী তৈরির ক্ষেত্রকে উৎসাহিত করছিল। বুধবার ঢাকায় 'ইয়ং চেঞ্জ মেকার্স কোয়ালিশন'র উদ্বোধনী অনুষ্ঠানে সাংবাদিকদের প্রশ্নে পিস স্কুল বন্ধের কারণ ব্যাখ্যা করেন শিক্ষামন্ত্রী। ইতিবাচক সামাজিক পরিবর্তনে তরুণদের অংশগ্রহণ বিষয়ে আন্তর্জাতিক ও জাতীয় ১২টি এনজিও রাজধানীর সিরডাপ মিলনায়তনে ইয়ং চেঞ্জ মেকার্স কোয়ালিশনের আয়োজন করেছে।

তিনি বলেন পিস স্কুলে যে লেখাপড়া হচ্ছে, পরিবেশ সৃষ্টি হচ্ছে, মানসিকতা গড়ে তোলা হচ্ছে; এটি আমাদের নতুন প্রজন্মের শিক্ষার্থীর জন্য, দেশের জন্য কখনও মঙ্গলকর নয়। ওখানে যারা পরিচালনা করছেন তারা আমাদের স্বাধীনতার চেতনার বিরোধী শক্তি। তারা এখানে এমনই মনোভাব তৈরি করছেন যা জঙ্গীবাদ তৈরির ক্ষেত্রে, ইসলামের ভুল ব্যাখ্যা দিয়ে বিপথগামী করতে উৎসাহিত করে। যার জন্য এ ধরনের প্রতিষ্ঠান আমরা চালাতে দিতে পারি না। বন্ধ করে দেয়া পিস স্কুলগুলোর শিক্ষার্থীদের দায়িত্ব বিদ্যালয় কর্তৃপক্ষকেই নিতে হবে জানিয়ে মন্ত্রী বলেন, দায়িত্ব তারাই নেবেন যারা তাদের এই পথে নিয়ে এসেছেন।

ভারতের বিতর্কিত ইসলামী বক্তা জাকির নায়েকের পিস টিভির সম্প্রচার বাংলাদেশে বন্ধের পর অনুমোদনহীন পিস স্কুলগুলোও মঙ্গলবার বন্ধ করার নির্দেশ দেয় শিক্ষা মন্ত্রণালয়। অনুমোদনহীন সব শিক্ষা প্রতিষ্ঠানই বন্ধ করে দেয়া হবে জানিয়ে নাহিদ বলেন, পিস স্কুল 'বিশেষ চেইনে' গড়ে উঠেছে এবং সাংবাদিকরাই সে বিষয়ে খবর নিয়ে এসেছেন। তিনি বলেন, আমরা পুলিশ এবং বিভিন্ন এজেন্সির খবর পেয়েছি, আমরা কথা বলেছি, খবর নিয়েছি। দেখা গেছে, অনেকের কোন অনুমোদনই নেয়নি। একটা হয়ত বোর্ডের অনুমোদন নিয়েছে, সেটাও কাউকে না কাউকে ধরে।

অনুমোদন ছাড়া কেউ স্কুল, কলেজ, মাদ্রাসাসহ কোন ধরনের শিক্ষা প্রতিষ্ঠান চালাতে পারবে না জানিয়ে শিক্ষামন্ত্রী বলেন, পিস স্কুল বন্ধ রেখেছি, আরও তদন্ত করে সঠিকগুলো বের করে ব্যবস্থা নেব। আমরা এগুলো সম্পর্কে জেনে-বুঝে তারপর করণীয় স্থির করব। যে কোন প্রতিষ্ঠান চালানোর সময় জাতীয় ঐতিহ্য, মুক্তিযুদ্ধের চেতনা, সংস্কৃতি, জাতীয় ও ধর্মীয় মূল্যবোধসহ 'সব কিছু' ধারণ করতে হবে বলেও জানান নাহিদ। শিক্ষামন্ত্রী বলেন, বিপথগামী করে ছেলেমেয়েদের ভুল তথ্য দিয়ে কিংবা বিপথগামী হওয়ার দল তৈরি করে কোন প্রতিষ্ঠান টিকে থাকতে পারবে না।

সব পিস স্কুল বন্ধের নির্দেশের পাশাপাশি বোর্ডের অনুমোদন নেয়া লালমাটিয়ার একটি পিস স্কুলের নিবন্ধনও মঙ্গলবার বাতিলের নির্দেশ দিয়েছিল শিক্ষা মন্ত্রণালয়। এই নির্দেশের পর মঙ্গলবারই লালমাটিয়ার বি-ব্লকের ৫/৭ বাড়ির পিস ইন্টারন্যাশনাল স্কুলের সাময়িক নিবন্ধন বাতিল করে আদেশ জারি করেছে ঢাকা শিক্ষা বোর্ড।

'পিস' নামে বাংলাদেশে কতটি শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে, সে বিষয়ে সরকারের কাছে সুনির্দিষ্ট কোন তথ্য নেই। তবে ঢাকা শিক্ষা বোর্ড